রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৬, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**ক্রীড়া-০১ শাখা**

## নীতিমালা

তারিখ: ২৩ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৭ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দ

**নং-৩৪.০০.০০০০.০০০.০৭১.৩৬.০০০২.২৫/২০২৬।**—যেহেতু, জাতীয় ক্রীড়া পুরস্কার মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ঘোষিত জাতীয় পুরস্কার; এবং

যেহেতু, জাতীয় ক্রীড়া পুরস্কার প্রাপ্তি একজন ক্রীড়াবিদ, ক্রীড়া সংগঠক ও ক্রীড়া পৃষ্ঠপোষকের জন্য অত্যন্ত গৌরব ও মর্যাদার; এবং

যেহেতু, নিয়মিতভাবে এই পুরস্কার প্রদান করা হইলে উহা জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ক্রীড়াঙ্গনে গুরুত্বপূর্ণ অবদান রাখিবে; এবং

যেহেতু, জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদানের নিমিত্ত যথাযথভাবে ক্রীড়াবিদ, ক্রীড়া সংগঠক ও ক্রীড়া পৃষ্ঠপোষক নির্বাচনের লক্ষ্যে নীতিমালা প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্দ্বারা নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হইল, যথা:—

১। **শিরোনাম।**—এই নীতিমালা জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান নীতিমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই নীতিমালায়—

(ক) **"আজীবন সম্মাননা"** অর্থ কোনো খেলোয়াড় বা কোনো সংগঠকের জীবনব্যাপী ক্রীড়া বিষয়ক দীর্ঘমেয়াদি কার্যক্রম ও সাফল্যের স্বীকৃতি;

(খ) **"আন্তর্জাতিক খেলা"** অর্থ আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোনো সংস্থা কর্তৃক আয়োজিত কোনো খেলা;


মূল্য : টাকা ২০.০০

(গ) **“আঞ্চলিক (Regional) খেলা”** অর্থ আন্তর্জাতিকভাবে স্বীকৃত অঞ্চল ভিত্তিক আয়োজিত কোনো খেলা;

(ঘ) “**ক্রীড়াবিদ**” অর্থ বাংলাদেশের কোনো নাগরিক, যিনি জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ২০১৮ এর তফসিলভুক্ত কোনো খেলায় জাতীয় বা আন্তর্জাতিক কোনো টুর্নামেন্টে একক, দলীয় বা রাষ্ট্রীয়ভাবে অংশগ্রহণ করিয়াছেন বা করিতেছেন এইরূপ কোনো ব্যক্তি;

(ঙ) **“ক্রীড়া পৃষ্ঠপোষক”** অর্থ জাতীয় বা আন্তর্জাতিক পর্যায়ে ক্রীড়াক্ষেত্রে যে সকল ব্যক্তি বা প্রতিষ্ঠান উল্লেখযোগ্য পরিমাণ আর্থিক বা কারিগরি সহায়তা প্রদান করিয়া থাকেন;

(চ) “**ক্রীড়া সংগঠক**” অর্থ বাংলাদেশের কোনো নাগরিক, যিনি জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ২০১৮ এর তফসিলভুক্ত কোনো খেলায় জাতীয় বা আন্তর্জাতিক কোনো টুর্নামেন্টের ব্যবস্থাপনা ও সাংগঠনিক কার্যক্রমের সহিত সম্পৃক্ত রহিয়াছেন বা রহিয়াছিলেন এইরূপ কোনো ব্যক্তি;

(ছ) “**জাতীয় কমিটি**” অর্থ অনুচ্ছেদ ৯ এ উল্লিখিত জাতীয় কমিটি;

(জ) **“জাতীয় ক্রীড়া পুরস্কার”** অর্থ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক, সময় সময়, জারীকৃত জাতীয় পুরস্কার/পদক সংক্রান্ত নির্দেশাবলিতে বর্ণিত জাতীয় ক্রীড়া পুরস্কার;

(ঝ) **“জাতীয় দল”** অর্থ আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোনো প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নিজ নিজ খেলায় বাংলাদেশের প্রতিনিধিত্বকারী দল;

(ঞ) “**প্রতিবন্ধী ক্রীড়াবিদ**” অর্থ সে সকল ক্রীড়াবিদ, যাহারা কোনো শারীরিক বা বুদ্ধিবৃত্তিক প্রতিবন্ধকতার কারণে অভিযোজিত খেলাধুলায় (Adaptive Sports) অংশগ্রহণ করেন;

(ট) **“ফেডারেশন বা এসোসিয়েশন”** অর্থ জাতীয় ক্রীড়া পরিষদের নিয়ন্ত্রণাধীন কোনো ক্রীড়া ফেডারেশন বা ক্রীড়া এসোসিয়েশন;

(ঠ) **“বিশেষ অবদান”** অর্থ জাতীয় বা আঞ্চলিক বা আন্তর্জাতিক পর্যায়ে দেশের হইয়া প্রতিযোগিতামূলক খেলায় বা সংগঠক হিসাবে নীতিমালায় উল্লিখিত সময়কালে সুনির্দিষ্ট অবদান বা অর্জন;

(ড) “**বাছাই উপ-কমিটি**” অর্থ অনুচ্ছেদ ১৩ এ উল্লিখিত বাছাই উপ-কমিটি;

(ঢ) “**বাছাই কমিটি**” অর্থ অনুচ্ছেদ ১১ এ উল্লিখিত বাছাই কমিটি; এবং

(ন) **“সরকার”** অর্থ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

৩। **উদ্দেশ্য**।—জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদানের মূল উদ্দেশ্য হচ্ছে ক্রীড়াবিদ, ক্রীড়া সংগঠক ও ক্রীড়া পৃষ্ঠপোষকদের মধ্যে ক্রীড়া ক্ষেত্রে অধিকতর অবদান রাখিবার জন্য স্বীকৃতি প্রদান করা যাহাতে ক্রীড়াবিদগণ দেশের ক্রীড়া উন্নয়নে অধিকতর উৎসাহিত হন এবং অবদান রাখিতে পারেন।

৪। **পুরস্কারের ক্যাটাগরি ও সংখ্যা**।—(১) নিম্নবর্ণিত ক্যাটাগরিসমূহে জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান করা হইবে, যথা:—

| ক্রমিক নং | ক্যাটাগরি | সংখ্যা |
|---|---|---|
| (ক) | আজীবন সম্মাননা | ১ (এক) টি |
| (খ) | ক্রীড়াবিদ | ৪ (চার) টি |
| (গ) | প্রতিবন্ধী ক্রীড়াবিদ | ১ (এক) টি |
| (ঘ) | ক্রীড়া সংগঠক | ২ (দুই) টি |
| (ঙ) | ক্রীড়া পৃষ্ঠপোষক | ২ (দুই) টি। |

(২) প্রত্যেক অর্থবৎসর ১ (এক) বার করিয়া প্রত্যেক ক্যাটাগরিতে উপযুক্ত প্রার্থী পাওয়া সাপেক্ষে পুরস্কার প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো ক্যাটাগরিতে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে ঐ ক্যাটাগরিতে পুরস্কার প্রদান করা যাইবে না:

তবে আরো শর্ত থাকে যে, কোনো প্রার্থী কোনো ক্যাটাগরিতে ১ (এক) এর অধিক পুরস্কার প্রাপ্ত হইবেন না।

(৩) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক, সময় সময়, জারিকৃত জাতীয় পুরস্কার/পদক সংক্রান্ত নির্দেশাবলি অনুসরণ করিয়া জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান করিতে হইবে।

৫। **প্রার্থী বাছাই, জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান পদ্ধতি, ইত্যাদি**।—প্রার্থী বাছাই এবং জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদানের জন্য প্রত্যেক বৎসর সরকার কর্তৃক আবেদন আহ্বান করা হইবে;

(খ) ১ (এক) জন আবেদনকারী যে কোনো ১ (এক) টি ক্যাটাগরির জন্য আবেদন করিতে পারিবেন;

(গ) বহুল প্রচারিত ১ (এক) টি বাংলা ও ১ (এক) টি ইংরেজি দৈনিক পত্রিকাসহ বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) ও সংশ্লিষ্ট অফিসের নোটিশ বোর্ড এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ওয়েবসাইটে জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদানের জন্য আবেদন আহ্বান করিয়া উন্মুক্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হইবে;

(ঘ) জাতীয় ক্রীড়া পুরস্কারের জন্য আগ্রহী ক্রীড়াবিদ বা প্রতিবন্ধী ক্রীড়াবিদ বা ক্রীড়া সংগঠক বা ক্রীড়া পৃষ্ঠপোষক পরিশিষ্ট-"ক" বা "খ" পূরণপূর্বক—

(অ) সংশ্লিষ্ট ফেডারেশন বা এসোসিয়েশন এর নিকট আবেদন দাখিলের ক্ষেত্রে, সংশ্লিষ্ট ফেডারেশন বা এসোসিয়েশন প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই করিয়া উহা প্রত্যয়ন প্রদানপূর্বক জাতীয় ক্রীড়া পরিষদে প্রেরণ করিবে;

(আ) জেলা ক্রীড়া কর্মকর্তার নিকট আবেদন দাখিলের ক্ষেত্রে, সংশ্লিষ্ট জেলা ক্রীড়া কর্মকর্তা প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই করিয়া উহা প্রত্যয়ন প্রদানপূর্বক পরিচালক, ক্রীড়া পরিদপ্তর বরাবর প্রেরণ করিবেন; এবং

(ই) বাংলাদেশ ক্রীড়া শিক্ষা (বিকেএসপি) প্রতিষ্ঠানের নিকট আবেদন দাখিলের ক্ষেত্রে, উক্ত প্রতিষ্ঠান আবেদন যাচাই-বাছাই করিয়া উহা প্রত্যয়ন প্রদানপূর্বক সরকারের নিকট প্রেরণ করিবে;

(ঙ) সংশ্লিষ্ট ফেডারেশন বা এসোসিয়েশন বা জেলা ক্রীড়া কর্মকর্তা কর্তৃক প্রত্যয়িত আবেদনসমূহ জাতীয় ক্রীড়া পরিষদ বা ক্রীড়া পরিদপ্তর যাচাই-বাছাই করিয়া সুপারিশসহ সরকারের নিকট প্রেরণ করিবে এবং বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের নিকট দাখিলকৃত আবেদনসমূহ উক্ত প্রতিষ্ঠান যাচাই-বাছাই করিয়া সুপারিশসহ সরকারের নিকট প্রেরণ করিবে;

(চ) জাতীয় ক্রীড়া পুরস্কারের জন্য যোগ্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান স্বপ্রণোদিত হইয়া ফেডারেশন বা এসোসিয়েশন বা জেলা ক্রীড়া কর্মকর্তা বা বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের নিকট পরিশিষ্ট-"ক" বা "খ" অনুযায়ী আবেদনপত্র দাখিল করিতে আগ্রহী না হইলে সংশ্লিষ্ট ফেডারেশন বা এসোসিয়েশন বা বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান বা জেলা ক্রীড়া কর্মকর্তা স্ব-উদ্যোগে ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষে পরিশিষ্ট-"ক" বা "খ" পূরণ করিয়া উক্ত আবেদনপত্র প্রত্যয়নপূর্বক যথাযথ প্রক্রিয়া অনুসরণ করিয়া সরকারের নিকট প্রেরণ করিতে পারিবে;

(ছ) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট ফেডারেশন বা এসোসিয়েশনের পরিবর্তে জেলা ক্রীড়া সংস্থা বা সরকারের নিকট পরিশিষ্ট-"ক" বা "খ" পূরণ করিয়া সরাসরি আবেদন দাখিল করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, সরকার, সংশ্লিষ্ট দপ্তর বা সংস্থা হইতে উক্ত আবেদনপত্র যাচাই করিয়া প্রত্যয়ন সংগ্রহ করিবে;

(জ) বাছাই উপ-কমিটি, জাতীয় ক্রীড়া পরিষদ বা ক্রীড়া পরিদপ্তর বা বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের নিকট হইতে প্রাপ্ত আবেদন বা জেলা ক্রীড়া সংস্থা বা সরকারের নিকট সরাসরি দাখিলকৃত আবেদন যাচাই-বাছাইপূর্বক ক্যাটাগরিভিত্তিক উপযুক্ত প্রার্থীদের আবেদন, সংশ্লিষ্ট কাগজপত্রসহ কমিটির কার্যবিবরণী বাছাই কমিটির নিকট প্রেরণ করিবে;

(ঝ) বাছাই কমিটি, বাছাই উপ-কমিটির নিকট হইতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক সুপারিশ প্রস্তুত করিয়া চূড়ান্ত মনোনয়নের জন্য প্রার্থীদের আবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ কমিটির কার্যবিবরণী জাতীয় কমিটির নিকট উপস্থাপন করিবে;

(ঞ) বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীগণের মধ্য হইতে জাতীয় কমিটি চূড়ান্তভাবে প্রার্থী মনোনয়ন করিবে;

(ট) জাতীয় কমিটি কর্তৃক প্রদত্ত মনোনয়ন অনুমোদনের জন্য সরকার উহা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করিবে;

(ঠ) চূড়ান্ত মনোনীত প্রার্থীর অনুপস্থিতিতে প্রার্থী কর্তৃক মনোনীত ব্যক্তি তাহার পক্ষে পুরস্কার গ্রহণ করিতে পারিবে;

(ড) বিশেষ ক্ষেত্রে জাতীয় কমিটি, জাতীয় ক্রীড়া পুরস্কারের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করিতে পারিবে; এবং

(ঢ) জাতীয় ক্রীড়া পুরস্কারপ্রাপ্ত ক্রীড়াবিদগণ অনুষ্ঠানে উপস্থিতির জন্য যাতায়াত ভাতা প্রাপ্ত হইবেন।

৬। **জাতীয় ক্রীড়া পুরস্কার প্রাপ্তির ক্ষেত্রে যোগ্যতা।**—জাতীয় ক্রীড়া পুরস্কার প্রাপ্তির ক্ষেত্রে প্রার্থীর যোগ্যতা হইবে নিম্নরূপ, যথা:—

(ক) **আজীবন সম্মাননা নির্বাচনের যোগ্যতা:** আজীবন সম্মাননা নির্বাচনের ক্ষেত্রে প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে এবং যিনি সাবেক ক্রীড়াবিদ হিসাবে জীবনব্যাপী ক্রীড়া বিষয়ক কার্যক্রমে সাফল্যতা ও স্বীকৃতি ধরিয়া রাখিয়াছেন।

(খ) **ক্রীড়াবিদ নির্বাচনের যোগ্যতা:** ক্রীড়াবিদ নির্বাচনের ক্ষেত্রে প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে, যিনি—

(অ) জাতীয় পর্যায়ে, যে কোনো দলগত বা একক খেলায়, সময় সময়, অন্যূন ৫ (পাঁচ) বৎসর দেশের হইয়া অথবা অন্যূন ১০ (দশ) টি আন্তর্জাতিক বা আঞ্চলিক খেলায় অংশগ্রহণ করিয়াছেন; অথবা

(আ) ব্যক্তিগত ইভেন্টে, আন্তর্জাতিক পর্যায়ে অন্যূন ১ (এক) টি স্বর্ণ পদক পাইয়াছেন বা চ্যাম্পিয়ন হইয়াছেন অথবা ২ (দুই)টি রৌপ্য পদক পাইয়াছেন বা রানার-আপ হইয়াছেন অথবা ৩ (তিন)টি ব্রোঞ্জ পদক পাইয়াছেন বা তৃতীয় স্থান হইয়াছেন বা সম-পর্যায়ের সম্মাননা বা পুরস্কার পাইয়াছেন অথবা আঞ্চলিক পর্যায়ে ২ (দুই) টি স্বর্ণপদক পাইয়াছেন বা চ্যাম্পিয়ন হইয়াছেন অথবা জাতীয় পর্যায়ে ৩ (তিন) টি স্বর্ণপদক পাইয়াছেন বা চ্যাম্পিয়ন হইয়াছেন; অথবা

(ই) সংশ্লিষ্ট খেলায় জাতীয় চ্যাম্পিয়নশীপে বা দেশের হইয়া আন্তর্জাতিক খেলায় অন্যূন ৭ (সাত) বার অংশগ্রহণ করিয়াছেন।

(গ) **প্রতিবন্ধী ক্রীড়াবিদ নির্বাচনের যোগ্যতা:** প্রতিবন্ধী ক্রীড়াবিদ নির্বাচনের ক্ষেত্রে প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে এবং যিনি জাতীয়, আঞ্চলিক বা আন্তর্জাতিক পর্যায়ে ক্রীড়া ক্ষেত্রে বিশেষ অবদান রাখিয়াছেন।

(ঘ) **ক্রীড়া সংগঠক নির্বাচনের যোগ্যতা:** ক্রীড়া সংগঠক নির্বাচনের ক্ষেত্রে প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে, যিনি—

(অ) অন্যূন ১০ (দশ) বৎসর জাতীয় ক্রীড়া ফেডারেশন বা এসোসিয়েশনের কর্মকতা অথবা সদস্য হিসেবে জাতীয় অথবা আন্তর্জাতিক পর্যায়ে বিশেষ অবদান রাখিয়াছেন; অথবা

(আ) জাতীয় পর্যায়ে অন্যূন ১০ (দশ) বৎসর প্রশিক্ষক, আম্পায়ার, কোচ, রেফারি, জুরি বা জাজ হিসাবে বিশেষ অবদান রাখিয়াছেন:

তবে শর্ত থাকে যে, অলিম্পিক এবং আন্তর্জাতিক পর্যায়ে ক্রীড়া সংগঠক, কর্মকর্তা, প্রশিক্ষক, আম্পায়ার, রেফারি, জুরি বা জাজ হিসাবে বিশেষ অবদান অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে।

(ঙ) **ক্রীড়া পৃষ্ঠপোষক নির্বাচনের যোগ্যতা:** জাতীয় বা আন্তর্জাতিক পর্যায়ে ক্রীড়া ক্ষেত্রে পৃষ্ঠপোষকতায়, যে সকল ব্যক্তি বা প্রতিষ্ঠান ধারাবাহিকভাবে অন্যূন ৫ (পাঁচ) বৎসর বা, সময় সময়, ৮ (আট) বৎসর উল্লেখযোগ্য পরিমাণ আর্থিক বা কারিগরি সহায়তা প্রদান করিয়াছেন।

৭। **জাতীয় ক্রীড়া পুরস্কার প্রাপ্তির ক্ষেত্রে অযোগ্যতা।**—জাতীয় ক্রীড়া পুরস্কার প্রাপ্তির ক্ষেত্রে কোনো ক্রীড়াবিদ, ক্রীড়া সংগঠক বা ক্রীড়া পৃষ্ঠপোষক এর অযোগ্যতা হইবে নিম্নরূপ, যথা:—

(ক) ফৌজদারি মামলায় সাজা প্রাপ্ত হইলে; অথবা

(খ) কোনো কর্তৃপক্ষ কর্তৃক সাজাপ্রাপ্ত হইলে; অথবা

(গ) কোনো আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হইলে; অথবা

(ঘ) রাষ্ট্রবিরোধী মামলায় উপযুক্ত আদালত কর্তৃক সাজা প্রাপ্ত হইলে; অথবা

(ঙ) সরকারের অনুমতি সাপেক্ষে, জাতীয় কোনো দলের সদস্য হইয়া বিদেশে গমন করিয়া দেশে ফেরত না আসিলে বা নির্ধারিত সময়ের পরে আসিয়াছেন এইরূপ প্রমাণিত হইলে; অথবা

(চ) পেশাগত শৃঙ্খলা ভঙ্গ করিলে এবং তাহা প্রমাণিত হইলে।

৮। **মূল্যায়নের নিমিত্ত মানবন্টন।**—জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদানের ক্ষেত্রে মূল্যায়নের নিমিত্ত মানবন্টন হইবে নিম্নরূপ, যথা:—

(ক) জাতীয় পর্যায়ে একক পারফরম্যান্স ভিত্তিক খেলায় অর্জিত প্রত্যেকটি—

(অ) স্বর্ণ পদক অর্জন বা চ্যাম্পিয়ন হইবার জন্য ১৬ (ষোল) নম্বর;

(আ) রৌপ্য পদক অর্জন বা রানার-আপ হইবার জন্য ৮ (আট) নম্বর; এবং

(ই) ব্রোঞ্জ পদক অর্জন বা তৃতীয় স্থান হইবার জন্য ৪ (চার) নম্বর;

(খ) আঞ্চলিক (Regional) পর্যায়ে প্রতিযোগিতার মাধ্যমে প্রাপ্ত প্রত্যেকটি পদকের জন্য নির্ধারিত নম্বর জাতীয় পর্যায়ে প্রাপ্ত পদকের নম্বরের ২ (দুই) গুণ হইবে;

(গ) আন্তর্জাতিক প্রতিযোগিতার মাধ্যমে প্রাপ্ত প্রত্যেকটি পদকের জন্য নির্ধারিত নম্বর জাতীয় পর্যায়ে প্রাপ্ত পদকের নম্বরের ৩ (তিন) গুণ হইবে;

(ঘ) প্রত্যেক ক্যাটাগরির পুরস্কারের জন্য সর্বোচ্চ নম্বর ধরিয়া মূল্যায়ন করিতে হইবে; এবং

(ঙ) দলীয় খেলায় কোনো নির্দিষ্ট ক্রীড়াবিদের অর্জন, যেমন- ম্যান অফ দ্যা ম্যাচ, ম্যান অফ দ্যা সিরিজ, গোল্ডেন বুট, ইত্যাদিকে বিশেষ অর্জন হিসেবে গণ্য করিতে হইবে।

৯। **জাতীয় কমিটি গঠন।**—জাতীয় কমিটির গঠন হইবে নিম্নরূপ, যথা:—

| | | |
|---|---|---|
| (ক) | মন্ত্রী বা প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সভাপতি |
| (খ) | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য |
| (গ) | নির্বাহী পরিচালক, জাতীয় ক্রীড়া পরিষদ | সদস্য |
| (ঘ) | মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার | সদস্য |
| (ঙ) | পরিচালক, ক্রীড়া পরিদপ্তর | সদস্য |
| (চ) | মহাপরিচালক, বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন | সদস্য |
| (ছ) | সভাপতি কর্তৃক মনোনীত ২ (দুই) টি জাতীয় ক্রীড়া সংস্থার সভাপতি | সদস্য |
| (জ) | সভাপতি, বাংলাদেশ প্যারালিম্পিক এসোসিয়েশন | সদস্য |
| (ঝ) | সভাপতি, বাংলাদেশ মহিলা ক্রীড়া সংস্থা | সদস্য |
| (ঞ) | সরকার কর্তৃক মনোনীত ১ (এক) জন সাবেক ক্রীড়াবিদ | সদস্য |
| (ট) | সরকার কর্তৃক মনোনীত ১ (এক) জন ক্রীড়া সংগঠক | সদস্য |
| (ঠ) | অতিরিক্ত সচিব বা যুগ্মসচিব (ক্রীড়া-১ অনুবিভাগ), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য-সচিব। |

১০। **জাতীয় কমিটির কার্যপরিধি।**—(১) জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদানের নিমিত্ত ক্যাটাগরিভিত্তিক প্রার্থীদের তালিকা চূড়ান্ত করা।

(২) ক্যাটাগরিভিত্তিক প্রার্থীদের চূড়ান্ত তালিকা অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সুপারিশ করা।

১১। **বাছাই কমিটি গঠন।**—বাছাই কমিটির গঠন হইবে নিম্নরূপ, যথা:—

| | | |
|---|---|---|
| (ক) | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সভাপতি |
| (খ) | অতিরিক্ত সচিব বা যুগ্মসচিব (ক্রীড়া-১ অনুবিভাগ), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য |
| (গ) | মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার | সদস্য |
| (ঘ) | নির্বাহী পরিচালক, জাতীয় ক্রীড়া পরিষদ | সদস্য |
| (ঙ) | পরিচালক, ক্রীড়া পরিদপ্তর | সদস্য |
| (চ) | সরকার কর্তৃক মনোনীত ৪ (চার) জন সাবেক ক্রীড়াবিদ, যাহাদের মধ্যে অন্যূন ১ (এক) জন নারী ক্রীড়াবিদ থাকিবে | সদস্য |
| (ছ) | যুগ্মসচিব বা উপসচিব (ক্রীড়া-১ অধিশাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য-সচিব। |

১২। **বাছাই কমিটির কার্যপরিধি।**—(১) বাছাই উপ-কমিটি কর্তৃক প্রেরিত আবেদনসমূহ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী যাচাই-বাছাই করা।

(২) অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন বাতিল করা।

(৩) যোগ্যতার ভিত্তিতে, পুরস্কারের প্রত্যেক ক্যাটাগরিতে প্রত্যেক পুরস্কারের বিপরীতে ৩ (জন) জন প্রার্থীর তালিকা প্রণয়ন করা।

(৪) পুরস্কারের ক্যাটাগরিভিত্তিক বাছাইকৃত আবেদনের ১ (এক) টি পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন করিয়া জাতীয় কমিটির বরাবর উপস্থাপন করা।

১৩। **বাছাই উপ-কমিটি গঠন।**—বাছাই উপ-কমিটির গঠন হইবে নিম্নরূপ, যথা:—

| | | |
|---|---|---|
| (ক) | অতিরিক্ত সচিব বা যুগ্মসচিব (ক্রীড়া-১ অনুবিভাগ), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সভাপতি |
| (খ) | পরিচালক (ক্রীড়া), জাতীয় ক্রীড়া পরিষদ | সদস্য |
| (গ) | উপপরিচালক (প্রশাসন), বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার | সদস্য |
| (ঘ) | সাধারণ সম্পাদক, বাংলাদেশ মহিলা ক্রীড়া সংস্থা | সদস্য |
| (ঙ) | উপ-পরিচালক (প্রশাসন), ক্রীড়া পরিদপ্তর | সদস্য |
| (চ) | সম্পাদক, ক্রীড়া জগত, জাতীয় ক্রীড়া পরিষদ | সদস্য |
| (ছ) | সরকার কর্তৃক মনোনীত ৩ (তিন) জন সাবেক ক্রীড়াবিদ, যাহাদের মধ্যে অন্যূন ১ (এক) জন নারী ক্রীড়াবিদ থাকিবে | সদস্য |
| (জ) | যুগ্মসচিব বা উপসচিব (ক্রীড়া-১ অধিশাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য-সচিব। |

১৪। **বাছাই উপ-কমিটির কার্যপরিধি**।—(১) পুরস্কারের ক্যাটাগরি অনুযায়ী প্রাপ্ত আবেদনসমূহ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী যাচাই-বাছাই করা।

(২) আবেদনের সহিত সংযুক্ত চাহিত তথ্যাদি যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা করা।

(৩) অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন বাতিল করা।

(৪) জাতীয় ক্রীড়া পুরস্কারের ক্যাটাগরিভিত্তিক বাছাইকৃত আবেদনের ১ (এক) টি পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন করিয়া বাছাই কমিটি বরাবর উপস্থাপন করা।

১৫। **ব্যাখ্যা প্রদানের ক্ষমতা**।—এই নীতিমালার কোনো বিষয়ে অস্পষ্টতা পরিলক্ষিত হইলে উক্ত বিষয়ে সরকার ব্যাখ্যা প্রদান করিতে পারিবে।

১৬। **নীতিমালা পর্যালোচনা**।—এই নীতিমালা অন্যূন ৫ (পাঁচ) বৎসর পর পর পর্যালোচনা করিয়া সরকার প্রয়োজনীয় সংশোধন, সংযোজন ও হালনাগাদ করিতে পারিবে।

১৭। **পুরস্কার প্রত্যাহারের ক্ষমতা**।—জাতীয় ক্রীড়া পুরস্কার প্রাপ্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান রাষ্ট্রবিরোধী কোনো কর্মকান্ডে জড়িত হইয়াছে মর্মে প্রমাণিত হইলে বা কোনো তথ্য গোপন করিয়া উক্ত পুরস্কার অর্জন করিলে, সরকার উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে কারণ দর্শনোর সুযোগ প্রদান করিয়া প্রদত্ত জাতীয় ক্রীড়া পুরস্কার প্রত্যাহার করিতে পারিবে।

১৮। **রহিতকরণ ও হেফাজত**।—(১) এই নীতিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান নীতিমালা-২০১৬, অতঃপর উক্ত নীতিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইলো।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত নীতিমালার অধীন কৃত কোনো কার্য, গৃহীত কোনো ব্যবস্থা বা প্রদত্ত কোনো আদেশ এই নীতিমালার অধীন কৃত, গৃহীত বা প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**মোঃ মাহবুব-উল-আলম**
সচিব।

**পরিশিষ্ট-"ক"**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**
**www.moysports.gov.bd**

**আজীবন সম্মাননা, ক্রীড়াবিদ এবং প্রতিবন্ধী ক্রীড়াবিদ ক্যাটাগরিতে জাতীয় ক্রীড়া পুরস্কার প্রাপ্তির জন্য আবেদন**

আবেদনকারী বা তথ্য প্রদানকারী কর্তৃক পূরণীয় (স্ব-উদ্যোগে বা সংস্থা কর্তৃক) :

| | | | |
|---|---|---|---|
| আবেদনের সাল | : | | ৩ কপি ছবি (পাসপোর্ট আকৃতির) |
| | | | |
| ক্যাটাগরি (যে ক্যাটাগরির জন্য আবেদন করিয়াছেন সেটি ব্যতীত অবশিষ্টগুলো কাটিয়া দিন) | | (ক) আজীবন সম্মাননা | |
| | | (খ) ক্রীড়াবিদ | |
| | | (গ) প্রতিবন্ধী ক্রীড়াবিদ | |

১। ব্যক্তিগত তথ্য:

| | | | |
|---|---|---|---|
| (ক) | পুরস্কার প্রার্থীর নাম | : | |
| (খ) | পিতার নাম | : | |
| (গ) | মাতার নাম | : | |
| (ঘ) | ইভেন্টের নাম | : | (উদাহরণ- ফুটবল, ক্রিকেট, ইত্যাদি) |
| (ঙ) | জাতীয় পরিচয় পত্র নম্বর (কপি সংযুক্ত করিতে হইবে) | : | |
| (চ) | জাতীয়তা | : | |
| (ছ) | জন্ম তারিখ | : | |
| (জ) | স্থায়ী ঠিকানা | : | |
| (ঝ) | বর্তমান ঠিকানা | : | |
| (ঞ) | মোবাইল নম্বর | : | |

২। প্রাথমিক যোগ্যতা নিরূপণ:

| | |
|---|---|
| (ক) জাতীয় পর্যায়ে দলীয় বা একক খেলায় সময়ে সময়ে অন্যূন ৫ বৎসর অংশগ্রহণ করিয়াছেন কিনা? [অনুচ্ছেদ-৬(খ)(অ)] | হ্যাঁ/না (প্রযোজ্য অংশটি ব্যতীত অন্যটি কাটিয়া দিন)<br>হ্যাঁ হইলে সালসমূহ উল্লেখ করুন (ফেডারেশন বা এসোসিয়েশন বা জেলা ক্রীড়া সংস্থা বা বিকেএসপি'র প্রত্যয়ন সংযুক্ত করিতে হইবে)<br>____________________<br>____________________ |

| | |
|---|---|
| (খ) অন্যূন ১০টি আন্তর্জাতিক বা আঞ্চলিক খেলায় অংশ নিয়েছেন কিনা? [অনুচ্ছেদ-৬(খ)(অ)] | হ্যাঁ / না হ্যাঁ/না (প্রযোজ্য অংশটি ব্যতীত অন্যটি কাটিয়া দিন)<br>হ্যাঁ হইলে সালসমূহ উল্লেখ করুন (ফেডারেশন বা এসোসিয়েশন বা জেলা ক্রীড়া সংস্থা বা বিকেএসপি’র প্রত্যয়ন সংযুক্ত করিতে হইবে)<br>________________________________________<br>________________________________________ |

| | |
|---|---|
| (গ) ব্যক্তিগতভাবে অন্যূন অর্জন [অনুচ্ছেদ-৬ (খ) (আ) ও (ই)] (প্রযোজ্য অংশে টিক (√) দিন) | (অ) আন্তর্জাতিক পর্যায়ে অন্যূন ১ (এক)টি স্বর্ণ পদক বা চ্যাম্পিয়ন অথবা ২ (দুই)টি রৌপ্য পদক বা রানার-আপ অথবা ৩ (তিন)টি ব্রোঞ্জ বা তৃতীয় স্থান;<br>(আ) আঞ্চলিক পর্যায়ে ২ (দুই)টি স্বর্ণ পদক বা চ্যাম্পিয়ন;<br>(ই) জাতীয় পর্যায়ে ৩ (তিন)টি স্বর্ণ পদক অর্জন বা চ্যাম্পিয়ন;<br>(ঈ) সংশ্লিষ্ট খেলায় জাতীয় চ্যাম্পিয়নশিপে বা দেশের হইয়া আন্তর্জাতিক খেলায় অন্যূন ৭ (সাত) বার অংশগ্রহণ। |

৩। (ক) একক বা দলীয় খেলায় অর্জন হিসাবে পুরস্কার প্রদানের জন্য সুপারিশের স্বপক্ষে ক্রীড়াক্ষেত্রে অবদানের সংক্ষিপ্ত বিবরণ: (প্রয়োজনে অতিরিক্ত তথ্য আলাদা কাগজে সংযুক্ত করা যাইবে) এবং (প্রমাণক সংযুক্ত করিতে হইবে):

| পদকের নাম | জাতীয় (সংখ্যা উল্লেখ করুন) | আঞ্চলিক (সংখ্যা উল্লেখ করুন) | আন্তর্জাতিক (সংখ্যা উল্লেখ করুন) | অফিস কর্তৃক পূরণীয় | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | জাতীয় (সংখ্যা উল্লেখ করুন) | আঞ্চলিক (সংখ্যা উল্লেখ করুন) | আন্তর্জাতিক (সংখ্যা উল্লেখ করুন) | মোট (সংখ্যা উল্লেখ করুন) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| স্বর্ণ বা চ্যাম্পিয়ন | | | | | | | |
| রৌপ্য বা রানার আপ | | | | | | | |
| ব্রোঞ্জ বা তৃতীয় স্থান | | | | | | | |
| সর্বমোট | | | | | | | |

(খ) জাতীয় বা আঞ্চলিক বা আন্তর্জাতিক পর্যায়ে দলীয় খেলায় বিশেষ অর্জন (যদি থাকে):

(ম্যান অব দ্য ম্যাচ, গোল্ডেন বল ইত্যাদি)

(প্রয়োজনে আলাদাভাবে তথ্য সংযুক্ত করা যাইবে) এবং (ফেডারেশন বা এসোসিয়েশন কর্তৃক প্রত্যয়ন বা প্রমাণক সংযুক্ত করিতে হইবে)

| ক্রম | টুর্নামেন্টের নাম | টুর্নামেন্টের ধরন (টিক চিহ্ন দিন) | | | বিশেষ অর্জনের নাম | অফিস কর্তৃক পূরণীয় |
|---|---|---|---|---|---|---|
| | | জাতীয় | আঞ্চলিক | আন্তর্জাতিক | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | | | | | | |
| ২। | | | | | | |
| ৩। | | | | | | |
| ৪। | | | | | | |
| ৫। | | | | | | |
| ৬। | | | | | | |
| ৭। | | | | | | |
| ৮। | | | | | | |

৪। নিম্নোক্ত তথ্য ছক পূরণ করুন হ্যাঁ/না (প্রযোজ্য অংশটি ব্যতীত অন্যটি কাটিয়া দিন) [অনুচ্ছেদ-৭]:

| | |
|---|---|
| আবেদনকারী ফৌজদারি মামলায় সাজাপ্রাপ্ত কিনা? | হ্যাঁ/না |
| কোনো সংগঠন বা প্রতিষ্ঠান বা অন্য কোনো কর্তৃপক্ষের মাধ্যমে সাজাপ্রাপ্ত কিনা? | হ্যাঁ/না |
| আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত কিনা? | হ্যাঁ/না |
| রাষ্ট্রবিরোধী মামলায় উপযুক্ত আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত কিনা? | হ্যাঁ/না |
| মন্ত্রণালয় কর্তৃক অনুমতিপ্রাপ্ত হইয়া জাতীয় দলের হয়ে বিদেশ গমন পরবর্তী দেশে প্রত্যাবর্তন করেনি এইরূপ ব্যক্তি কিনা? | হ্যাঁ/না |
| মন্ত্রণালয় কর্তৃক অনুমতিপ্রাপ্ত হইয়া জাতীয় দলের হইয়া বিদেশ গমন পরবর্তী দেশে নির্ধারিত সময়ের পরে আগমন হইয়াছে এইরূপ দৃষ্টান্ত আছে কিনা? | হ্যাঁ/না |
| পেশাগত শৃঙ্খলা ভঙ্গের প্রমাণিত নজির রহিয়াছে কিনা? | হ্যাঁ/না |

৫। পুরস্কার প্রার্থী অন্য কোনো জাতীয় পুরস্কার পাইয়াছেন কিনা (প্রযোজ্য হলে বিবরণ): (প্রমাণক সংযুক্ত করিতে হইবে)

_______________

_______________

_______________

_______________

এ মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, এ আবেদনে উল্লিখিত তথ্যাদি এবং সংযুক্ত কাগজপত্রাদি সঠিক।

তারিখ:

_______________

আবেদনকারীর বা তথ্য প্রদানকারীর স্বাক্ষর

৬। সংশ্লিষ্ট দপ্তর বা ফেডারেশন বা এসোসিয়েশন বা সংস্থা কর্তৃক পুরণীয়:

(ক) আবেদনকারী সম্পর্কে মন্তব্য:

________________________________________________________________________________
________________________________________________________________________________
________________________________________________________________________________
________________________________________________________________________________
______________________________________________________________________

(খ) এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, আবেদনে বর্ণিত তথ্যাদি এবং এতদ্‌সঙ্গে সংযুক্ত কাগজপত্রাদি সঠিক রহিয়াছে।_______ সালের জাতীয় ক্রীড়া পুরস্কারের জন্য তাহাকে ___________________________ দপ্তর বা ফেডারেশন বা এসোসিয়েশন বা সংস্থার পক্ষ হইতে মনোনয়ন প্রদান করা হইল।

তারিখ:

সুপারিশকারীর স্বাক্ষর
(স্বাক্ষরকারীর নাম, পদবিসহ প্রাতিষ্ঠানিক সীল)

৭। জাতীয় ক্রীড়া পরিষদ বা বিকেএসপি বা ক্রীড়া পরিদপ্তরের মতামত বা সুপারিশ:

________________________________________________________________________________
________________________________________________________________________________
________________________________________________________________________________
________________________________________________________________________________
______________________________________________________________________

তারিখ:

সুপারিশকারীর স্বাক্ষর
(স্বাক্ষরকারীর নাম, পদবিসহ প্রাতিষ্ঠানিক সীল)

**পরিশিষ্ট-"খ"**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**
**www.moysports.gov.bd**

**ক্রীড়া সংগঠক বা কর্মকর্তা বা পরিচালনাকারী এবং ক্রীড়া পৃষ্ঠপোষক (ব্যক্তি বা প্রতিষ্ঠান)ক্যাটাগরিতে জাতীয় ক্রীড়া পুরস্কার প্রাপ্তির জন্য আবেদন**

আবেদনকারী বা তথ্য প্রদানকারী কর্তৃক পূরণীয় (স্ব-উদ্যোগে বা সংস্থা কর্তৃক) :

| | | | |
|---|---|---|---|
| **আবেদনের সাল** | : | | ৩ কপি ছবি (পাসপোর্ট আকৃতির) |
| ক্যাটাগরি (যে ক্যাটাগরির জন্য আবেদন করিয়াছেন সেটি ব্যতীত অবশিষ্টগুলো কাটিয়া দিন) | | (ক) ক্রীড়া সংগঠক বা কর্মকর্তা বা পরিচালনাকারী | |
| | | (খ) ক্রীড়া পৃষ্ঠপোষক (ব্যক্তি বা প্রতিষ্ঠান) | |

**১। ব্যক্তিগত তথ্য:**

| | | | |
|---|---|---|---|
| (ক) | প্রার্থী বা প্রতিষ্ঠানের নাম | : | |
| (খ) | পিতার নাম<br>(সংস্থার ক্ষেত্রে প্রযোজ্য নহে) | : | |
| (গ) | মাতার নাম<br>(সংস্থার ক্ষেত্রে প্রযোজ্য নহে) | : | |
| (ঘ) | ইভেন্টের নাম | : | (উদাহরণ- ফুটবল, ক্রিকেট, ইত্যাদি) |
| (ঙ) | জাতীয় পরিচয় পত্র বা রেজিস্ট্রেশন নম্বর<br>(কপি সংযুক্ত করিতে হইবে) | : | |
| (চ) | জাতীয়তা<br>(সংস্থার ক্ষেত্রে প্রযোজ্য নহে) | : | |

| | | | |
|---|---|---|---|
| (ছ) | জন্ম তারিখ<br>(সংস্থার ক্ষেত্রে প্রযোজ্য নহে) | : | |
| (জ) | স্থায়ী ঠিকানা | : | |
| (ঝ) | বর্তমান ঠিকানা | : | |
| (ঞ) | মোবাইল নম্বর | : | |

২। ক্রীড়া সংগঠক বা কর্মকর্তা বা পরিচালনাকারী নির্বাচনের যোগ্যতা:

[ক্রীড়া সংগঠক বা কর্মকর্তা বা পরিচালনাকারী ক্যাটাগরির আবেদন হইলে ২ নং ক্রমিকের ছকে উল্লিখিত তথ্য প্রদান করুন]

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) জাতীয় ক্রীড়া ফেডারেশন বা এসোসিয়েশনসমূহে অন্যূন ১০ বৎসর কর্মকর্তা বা সদস্য হিসাবে জাতীয় অথবা আন্তর্জাতিক পর্যায়ে অবদান রাখিয়াছেন কিনা?<br>[অনুচ্ছেদ: ৬(ঘ)(অ)] (প্রয়োজনে আলাদা কাগজ যুক্ত করা যাইবে) | | | | হ্যাঁ/না<br>(প্রযোজ্য অংশটুকু ব্যতীত অন্যটি কাটিয়া দিন) |
| হ্যাঁ হইলে নিম্নোক্ত ছক পূরণ করুন (ফেডারেশন বা এসোসিয়েশন বা জেলা ক্রীড়া সংস্থা বা বিকেএসপি'র প্রত্যয়ন সংযুক্ত করিতে হইবে) | | | | |
| ক্রমিক নং | অবদানের সাল | উল্লেখযোগ্য অবদান | | |
| | | জাতীয় পর্যায়ে | আন্তর্জাতিক পর্যায়ে | অর্জন |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | | | | |
| ২। | | | | |
| ৩। | | | | |
| ৪। | | | | |
| ৫। | | | | |

| | |
|---|---|
| (খ) জাতীয় পর্যায়ে প্রশিক্ষক বা আম্পায়ার বা কোচ বা রেফারি বা জুরি বা জাজ হিসেবে অন্যূন ১০ বৎসর বিশেষ অবদান রাখিয়াছেন কিনা? [অনুচ্ছেদ:৬(ঘ)(আ)]<br>(প্রয়োজনে আলাদা কাগজ যুক্ত করা যাইবে) | হ্যাঁ/না<br>(প্রযোজ্য অংশটুকু ব্যতীত অন্যটি কাটিয়া দিন) |

হ্যাঁ হইলে নিম্নোক্ত ছক পূরণ করুন (ফেডারেশন বা এসোসিয়েশন বা জেলা ক্রীড়া সংস্থা বা বিকেএসপি’র প্রত্যয়ন সংযুক্ত করিতে হইবে)

| ক্রমিক নং | অবদানের সাল | জাতীয় পর্যায়ে অবদান | অর্জনসমূহ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |
| ৪। | | | |
| ৫। | | | |

| | |
|---|---|
| (গ) অলিম্পিক এবং আন্তর্জাতিক পর্যায়ে ক্রীড়া সংগঠক বা কর্মকর্তা বা প্রশিক্ষক বা আম্পায়ার বা রেফারি বা জুরি বা জাজ হিসেবে বিশেষ অবদান রাখিয়াছেন কিনা? [অনুচ্ছেদ: ৬(ঘ)] [প্রমাণক সংযুক্ত করিতে হইবে]<br>(প্রয়োজনে আলাদা কাগজে তথ্য ছক অনুযায়ী অবদান উপস্থাপন করা যাবে) এবং (প্রয়োজনে আলাদা কাগজ যুক্ত করা যাইবে) | হ্যাঁ/না<br>(প্রযোজ্য অংশটুকু ব্যতীত অন্যটি কাটিয়া দিন) |

হ্যাঁ হলে নিম্নোক্ত ছক পূরণ করুন (ফেডারেশন বা এসোসিয়েশন বা জেলা ক্রীড়া সংস্থা বা বিকেএসপি’র প্রত্যয়ন সংযুক্ত করিতে হইবে)

| ক্রমিক নং | অবদানের সাল | অলিম্পিক, আঞ্চলিক এবং আন্তর্জাতিক পর্যায়ে উল্লেখযোগ্য অবদান | অর্জন |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |
| ৪। | | | |
| ৫। | | | |

৩। পৃষ্ঠপোষক নির্বাচনের যোগ্যতা নিরূপণ

[ক্রীড়া পৃষ্ঠপোষক ক্যাটাগরির আবেদন হইলে ৩ নং ক্রমিকের ছকে উল্লিখিত তথ্য প্রদান করুন]

| | |
|---|---|
| জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ক্রীড়া ক্ষেত্রে ব্যক্তি বা প্রতিষ্ঠান হিসেবে ধারাবাহিকভাবে অন্যূন ৫ বৎসর বা সময়ে সময়ে অন্যূন ৮ বৎসর আর্থিক বা কারিগরি সহায়তা প্রদানে অবদান রাখিয়াছেন কিনা? [অনুচ্ছেদ: ৬(ঙ)] [প্রমাণক সংযুক্ত করিতে হইবে]<br>(প্রয়োজনে আলাদা কাগজে তথ্য ছক অনুযায়ী অবদান উপস্থাপন করা যাইবে) | হ্যাঁ/না<br>(প্রযোজ্য অংশটুকু ব্যতীত অন্যটি কাটিয়া দিন) |

হ্যাঁ হলে নিম্নোক্ত ছক পূরণ করুন (ফেডারেশন বা এসোসিয়েশন বা জেলা ক্রীড়া সংস্থা বা বিকেএসপি'র প্রত্যয়ন সংযুক্ত করিতে হইবে)

| ক্রমিক নং | অবদানের সাল | পৃষ্ঠপোষকতার ধরন (জাতীয় অথবা আন্তর্জাতিক পৃষ্ঠপোষকতায় এর প্রকৃতি আর্থিক বা কারিগরি বা উভয় কিনা তাহা উল্লেখ করিতে হইবে) | | |
|---|---|---|---|---|
| | | জাতীয় অবদান | আন্তর্জাতিক পর্যায়ে অবদান | অর্জন |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | | | | |
| ২। | | | | |
| ৩। | | | | |
| ৪। | | | | |
| ৫। | | | | |

৪। নিম্নোক্ত তথ্য ছক পূরণ করুন (প্রযোজ্য অংশটুকু ব্যতীত অন্যটি কাটিয়া দিন) [অনুচ্ছেদ-৭]:

| | |
|---|---|
| আবেদনকারী ফৌজদারি মামলায় সাজাপ্রাপ্ত কিনা? | হ্যাঁ/না |
| কোনো সংগঠন বা প্রতিষ্ঠান বা অন্য কোনো কর্তৃপক্ষের মাধ্যমে সাজাপ্রাপ্ত কিনা? | হ্যাঁ/না |
| আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত কিনা? | হ্যাঁ/না |
| রাষ্ট্রবিরোধী মামলায় উপযুক্ত আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত কিনা? | হ্যাঁ/না |
| মন্ত্রণালয় কর্তৃক অনুমতিপ্রাপ্ত হইয়া জাতীয় দলের হয়ে বিদেশ গমন পরবর্তী দেশে প্রত্যাবর্তন করেনি এইরূপ ব্যক্তি কিনা? | হ্যাঁ/না |

| | |
|---|---|
| মন্ত্রণালয় কর্তৃক অনুমতিপ্রাপ্ত হইয়া জাতীয় দলের হইয়া বিদেশ গমন পরবর্তী দেশে নির্ধারিত সময়ের পরে আগমন হইয়াছে এইরূপ দৃষ্টান্ত আছে কিনা? | হ্যাঁ/না |
| পেশাগত শৃঙ্খলা ভঙ্গের প্রমানিত নজির আছে কিনা? | হ্যাঁ/না |

৫। আবেদনকারী বা সুপারিশকৃত ব্যক্তি বা প্রতিষ্ঠান অন্য কোনো জাতীয় পুরস্কার পাইয়াছেন কিনা (প্রযোজ্য হইলে বিবরণ): (প্রমাণক সংযুক্ত করিতে হইবে)

______________________________________________________________________________
______________________________________________________________________________
______________________________________________________________________________
______________________________________________________________________________
____________________________________________________________________

এ মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, এ আবেদনে উল্লিখিত তথ্যাদি এবং সংযুক্ত কাগজপত্রাদি সঠিক।

তারিখ:

______________________________
আবেদনকারীর বা তথ্য প্রদানকারীর স্বাক্ষর

৬। সংশ্লিষ্ট দপ্তর বা ফেডারেশন বা এসোসিয়েশন বা সংস্থা কর্তৃক পুরণীয়:

(ক) আবেদনকারী সম্পর্কে মন্তব্য:

______________________________________________________________________________
______________________________________________________________________________
______________________________________________________________________________
______________________________________________________________________________
_______________________________________________________________________

(খ) এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, আবেদনে বর্ণিত তথ্যাদি এবং এতদ্‌সঙ্গে সংযুক্ত কাগজপত্রাদি সঠিক রহিয়াছে। _______ সালের জাতীয় ক্রীড়া পুরস্কারের জন্য তাহাকে ______________________________ দপ্তর বা ফেডারেশন বা এসোসিয়েশন বা সংস্থা এর পক্ষ হইতে মনোনয়ন প্রদান করা হইল।

তারিখ:

সুপারিশকারীর স্বাক্ষর
(স্বাক্ষরকারীর নাম, পদবিসহ প্রাতিষ্ঠানিক সিল)

৭। জাতীয় ক্রীড়া পরিষদ বা বিকেএসপি বা ক্রীড়া পরিদপ্তরের মতামত বা সুপারিশ:

_______________________________________________________________________________________________________

তারিখ:

সুপারিশকারীর স্বাক্ষর
(স্বাক্ষরকারীর নাম, পদবিসহ প্রাতিষ্ঠানিক সিল)

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd